দৈনিক বাংলা

তারিখ ১৯।১২।৭৯
পৃষ্ঠা 5 কলাম 7

024

# খাল খননের আবেদন

নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানাধীন ১৪ নং আলাইয়াপুর ইউনিয়নের চন্দ্রগঞ্জ বাজারের এক মাইল পূর্বে সিএন্ডবি রাস্তা থেকে জলাসং দীঘির পূর্বপাশ দিয়ে আলাইয়াপুর গ্রামের মধ্য দিয়ে দক্ষিণ দিকে যে দীর্ঘ খালটি গিয়েছে তা এলাকার হাজার হাজার কৃষকের কয়েক লক্ষ একর জমিতে ইরি, বোরো ও আমন চাষের একমাত্র সহায়ক ছিল। এ খালটি খননের ফলে ও ওয়াপদা খালের পানি সেচের মাধ্যমে আলাইয়াপুর ইউনিয়ন নোয়াখালীর অন্যতম উৎপাদনশীল ইউনিয়ন হিসেবে খ্যাতি অর্জন করেছিলো। কিন্তু অতি দুঃখের সাথে বলতে হচ্ছে যে দীর্ঘদিন ধরে খালটি পুনঃখনন না করায় এই প্রশস্ত খালটি আজ নিশ্চিহ্ন হওয়ার পথে এতে এলাকার তীব্র পানি সংকট দেখা দিয়েছে। পানির অভাবে হাজার হাজার একর জমিনে, ইরি, বোরো ও আমন ফসল উৎপাদন বন্ধ হয়ে গিয়েছে। ফলে এলাকার কৃষকেরা চরম দুর্দশার সম্মুখীন হয়ে পড়ছে। এ অবস্থায় আমরা সদাশয় বাংলাদেশ সরকারের সাহায্য প্রার্থনা করছি। সরকার আজ স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে ও বিপ্লবের কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে খাল খননের যে প্রশংসনীয় পদক্ষেপ নিয়েছেন তাতে আশান্বিত হয়ে আমরা আবেদন জানাচ্ছি আমাদের আলাইয়াপুর খালটি পুনঃখননের ব্যবস্থা করে এলাকার হাজার হাজার একর জমি চাষ ও তার মাধ্যমে ফসল উৎপাদনে স্বনির্ভরতা অর্জনে আমাদের সাহায্য করুন।

—আবদুর রহমান ভূঁইয়া ১৪ নং আলাইয়াপুর ইউনিয়ন বেগমগঞ্জ নোয়াখালী